ই-মেইলে প্রাপ্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ভ্যাট ট্রেনিং একাডেমি
সাগরিকা রোড, চট্টগ্রাম।
www.cevta.gov.bd

নথি নং-২য়(১৪)বিসিটা/প্রশিক্ষণ/মূসকঃপরাঃও লাইঃ বিধিঃ/২০১৯/৯১৮৪ তারিখ ঃ২৮/১১/২০১৯ খ্রিঃ

**বিষয় ঃ মূসক এজেন্ট নিয়োগ এবং মূসক পরামর্শক নিয়োগ ও লাইসেন্স প্রাপ্তির লক্ষ্যে আগ্রহী ব্যক্তিদের নিকট হতে আবেদনপত্র আহবানের জন্য দৈনিক পত্রিকায় প্রকাশিত গণবিজ্ঞপ্তি আপনার দপ্তরের নোটিশ বোর্ডে প্রদর্শন প্রসঙ্গে।**

সূত্রঃ জাঃ রাঃ বোঃ এর পত্র নথি নং- ০৮.০১.০০০০.০৭৬.০৩.০০১.১২(অংশ-২); তারিখঃ ০৫/১১/২০১৯ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। জাতীয় রাজস্ব বোর্ড হতে প্রাপ্ত পত্রের মাধ্যমে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ ও মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ মোতাবেক মূসক এজেন্ট নিয়োগ এবং মূসক পরামর্শক নিয়োগ ও লাইসেন্স প্রদানের নিমিত্তে যোগ্য প্রার্থীদের নিকট হতে আবেদনপত্র আহবান করে দৈনিক পত্রিকায় (০১. দৈনিক কালের কণ্ঠ ০২. দৈনিক ইত্তেফাক ০৩. দৈনিক প্রথম আলো ০৪. দৈনিক আমাদের সময় এবং ০৫. The Financial Express) বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। উক্ত বিজ্ঞপ্তিটি সর্বসাধারনকে অবহিত করার জন্য আপনার দপ্তরের ওয়েব সাইটে আপলোড ও নোটিশ বোর্ডে প্রদর্শন করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ০২ (দুই) পাতা

(মোঃ শফিকুল ইসলাম)
মহাপরিচালক
ফোনঃ ০২-৪৩১৫০২৪৫, ফ্যাক্স ঃ ০২৪৩১৫০২৪৫
bcta2010@yahoo.com

প্রাপকঃ

১। প্রেসিডেন্ট, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল, ঢাকা।
২-৭। কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/মংলা/বেনাপোল/ আইসিডি, (কমলাপুর)/ পানগাঁও।
৮-১৯। কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট (মূসক), ঢাকা/ কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট,ঢাকা(উত্তর)/ঢাকা(দক্ষিণ)/ঢাকা(পূর্ব)/ঢাকা(পশ্চিম)/চট্টগ্রাম/ রংপুর/ রাজশাহী/খুলনা/যশোর/কুমিল্লা/সিলেট।
২০-২১। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।
২২-২৪। মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর/শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর/ মূসক নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।
২৫-২৯। কমিশনার, শুল্ক মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা/ কাস্টমস এক্সাইজ ও ভ্যাট (আপীল)কমিশনারেট, ঢাকা-১/ ঢাকা-২/ চট্টগ্রাম/খুলনা।

নথি নং-২য়(১৪)বিসিটা/প্রশিক্ষণ/মূসকঃপরাঃও লাইঃ বিধিঃ/২০১৯/ তারিখ ঃ /১১/২০১৯ খ্রিঃ

**অনুলিপি সদয় অবগতির জন্যঃ**

০১। প্রথম সচিব (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
০২। দ্বিতীয় সচিব ( মূসক বাস্তবায়ন), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
০৩। পিএস টু চেয়ারম্যান (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
০৪। সহকারী পরিচালক (আইসিটি), কাস্টমস এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম

(মোঃ শফিকুল ইসলাম)
মহাপরিচালক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
(মূসক বাস্তবায়ন ও আইটি)
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

'গণবিজ্ঞপ্তি'

## মূসক পরামর্শক লাইসেন্স প্রাপ্তির লক্ষ্যে আগ্রহী ব্যক্তির নিকট হতে আবেদনপত্র আহ্বান

মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ১৩০ এর উপ-ধারা (১) এর বিধান অনুযায়ী কোন কার্যধারায় কোন করদাতার পক্ষে প্রতিনিধিত্ব করা বা তাকে পরামর্শ প্রদানের জন্য চার্টার্ড একাউন্টেন্ট বা চার্টার্ড সেক্রেটারী বা লাইসেন্সধারী মূসক পরামর্শকগণের মধ্য হতে যেকোন ব্যক্তিকে নিয়োগ করা যাবে। উপধারা (২) অনুযায়ী উপ-ধারা (১) এর উদ্দেশ্য পূরণকল্পে, মূসক পরামর্শক হিসাবে কার্যক্রম পরিচালনা করতে আগ্রহী প্রত্যেক ব্যক্তি, নির্ধারিত পদ্ধতি ও শর্তে, বোর্ডের নিকট আবেদন করলে মূসক পরামর্শক লাইসেন্সিং বিধিমালা, ২০১৯ এ নির্ধারিত পদ্ধতি ও শর্তে, উক্ত ব্যক্তিকে মূসক পরামর্শকের লাইসেন্স প্রদান করা হবে।

(২) মূসক পরামর্শক লাইসেন্স প্রাপ্তির জন্য আবেদনকারীর নিম্নবর্ণিত যোগ্যতা থাকতে হবে, যথা:-

(ক) বাংলাদেশের নাগরিক হতে হবে;

(খ) আবেদনের তারিখে বয়স অন্যূন ২৫ (পঁচিশ) বৎসর হতে হবে;

(গ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যেকোনো বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রিধারী হতে হবে;

(ঘ) মূসক নিবন্ধিত বা তালিকাভূক্ত হতে হবে; এবং

(ঙ) মূসক বিভাগে জাতীয় বেতন স্কেলের নবম গ্রেডের নিম্নে নন এমন পদে ন্যূনতম ৫ (পাঁচ) বছর কাজ করার অভিজ্ঞতাসম্পন্ন অবসরপ্রাপ্ত কর্মকর্তা বা ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতাসম্পন্ন চার্টার্ড একাউন্টেন্ট বা চার্টার্ড সেক্রেটারিগণকে পরীক্ষায় অংশগ্রহণ ব্যতীত আবেদন প্রাপ্তি সাপেক্ষে লাইসেন্স প্রদান করা হবে।

(৩) নিম্নবর্ণিত যেকোনো ব্যক্তি মূসক পরামর্শক লাইসেন্স পাওয়ার জন্য অযোগ্য বলে বিবেচিত হবেন, যথা:-

(ক) সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত বা স্থানীয় কর্তৃপক্ষের অধীনে চাকুরি হতে অপসারিত, বরখাস্তকৃত বা বাধ্যতামূলকভাবে অবসরপ্রাপ্ত কোন ব্যক্তি;

(খ) ফৌজদারী অপরাধে সাজাপ্রাপ্ত ব্যক্তি, যার সাজা ভোগ শেষ হওয়ার পর ৫ (পাঁচ) বৎসর সময় অতিবাহিত হয়নি; এবং

(গ) ইতঃপূর্বে যার মূসক পরামর্শক, ক্লিয়ারিং ও ফরোয়ার্ডিং, ফ্রেইট ফরোয়ার্ডার্স, কুরিয়ার সার্ভিস এজেন্ট, শিপিং এজেন্ট বা আয়কর পরামর্শকের লাইসেন্স বাতিল করা হয়েছে এমন কোন ব্যক্তি।

(৪) উল্লিখিত যোগ্যতাসম্পন্ন কোনো ব্যক্তিকে মূসক পরামর্শক হিসেবে নিয়োগ প্রাপ্তির লক্ষ্যে মূসক পরামর্শক লাইসেন্সিং বিধিমালা, ২০১৯ অনুযায়ী মূসক ফরম ১৮.১ এ জাতীয় রাজস্ব বোর্ডে আবেদন করতে হবে।

(৫) মূসক পরামর্শক লাইসেন্সের জন্য আবেদনপত্রের সাথে আবেদনকারীকে নিম্নবর্ণিত দলিলাদি দাখিল করতে হবেঃ

(ক) বয়স নির্ধারণের জন্য এসএসসি বা সমমানের পরীক্ষার সত্যায়িত সনদ;

(খ) ০৩ (তিন) কপি পাসপোর্ট আকারের সত্যায়িত ছবি;

(গ) শিক্ষাগত যোগ্যতা বা প্রযোজ্য ক্ষেত্রে, অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি;

(ঘ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি; এবং

(ঙ) মহাপরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি এর অনুকূলে পরীক্ষার ফি হিসেবে ১০ (দশ) হাজার টাকা মূল্যমানের পে-অর্ডার।

(৬) অসম্পূর্ণ কোন আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

(৭) অর্ধবার্ষিক ভিত্তিতে প্রাপ্ত আবেদনপত্র জাতীয় রাজস্ব বোর্ড, মহাপরিচালক, কাস্টমস,এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমিতে প্রেরণ করবে।

(৮) মহাপরিচালক, কাস্টমস,এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি প্রতি বছর জানুয়ারি-জুন মেয়াদে প্রাপ্ত আবেদনের ভিত্তিতে আগস্ট বা সেপ্টেম্বর মাসে এবং জুলাই-ডিসেম্বর মেয়াদে প্রাপ্ত আবেদনের ভিত্তিতে ফেব্রুয়ারি বা মার্চ মাসে লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করবেন।

**জাতীয় রাজস্ব বোর্ড**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
(মূসক বাস্তবায়ন ও আইটি)
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

## 'গণবিজ্ঞপ্তি'

## মূসক এজেন্ট সনদপত্র প্রাপ্তির লক্ষ্যে আগ্রহী ব্যক্তির নিকট হতে আবেদনপত্র আহ্বান

মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ১৯ অনুযায়ী কোন অনাবাসিক ব্যক্তি অর্থনৈতিক কার্যক্রম পরিচালনা না করলে তাকে একজন মূসক এজেন্ট নিয়োগ করতে হবে। মূসক এজেন্ট নিয়োগের লক্ষ্যে যোগ্য প্রার্থীদের নিকট হতে আবেদন আহ্বান করা যাচ্ছে। মূসক এজেন্ট হিসেবে আবেদন করার জন্য যোগ্যতা নিম্নরূপ ঃ

(ক) মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন,২০১২ এর ধারা ১৩০ এর অধীন নিযুক্ত মূসক পরামর্শক;

(খ) ইন্সটিটিউট অব চার্টার্ড একাউন্ট্যান্টস অব বাংলাদেশ (আইসিএবি) এর সদস্য হিসাবে নিবন্ধিত চার্টার্ড একাউন্ট্যান্ট;

(গ) ইন্সটিটিউট অব কস্ট অ্যান্ড ম্যানেজমেন্ট একাউন্ট্যান্টস অব বাংলাদেশ (আইসিএমএবি) এর সদস্য হিসেবে নিবন্ধিত একাউন্ট্যান্ট;

(ঘ) বাংলাদেশ বার কাউন্সিল এর সদস্য হিসাবে নিবন্ধিত কোনো আইনজীবী;

(ঙ) সহকারী কমিশনার পদমর্যাদার নিম্নে নন, মূল্য সংযোজন কর বিভাগের এমন কোনো অবসরপ্রাপ্ত কর্মকর্তা;

(চ) ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ (এফবিসিসিআই) কর্তৃক মনোনীত বেসরকারি খাতের বিশেষজ্ঞ ব্যবসায়ী প্রতিনিধি।

(ছ) চার্টার্ড সেক্রেটারিজ আইন,২০১০ এর ধারা-২ এর দফা (৬) এ সংজ্ঞায়িত চার্টার্ড সেক্রেটারি।

২। উল্লিখিত যোগ্যতাসম্পন্ন কোনো ব্যক্তিকে মূসক এজেন্ট হিসেবে নিয়োগ প্রাপ্তির লক্ষ্যে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর নির্ধারিত ফরম "মূসক-৩.১" এ মহাপরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, সাগরিকা রোড, পাহাড়তলী, চট্টগ্রামে আবেদন করতে হবে।

৩। মূসক এজেন্ট সনদপত্র প্রাপ্তির আবেদনের সাথে আবেদনকারীকে নিম্নবর্ণিত দলিলাদি দাখিল করিতে হবে, যথা-

(ক) মূল্য সংযোজন কর বা টার্নওভার কর সনদপত্রের কপি;

(খ) ০৩ (তিন) কপি পাসপোর্ট আকারের ছবি;

(গ) সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতার সনদের কপি;

(ঘ) জাতীয় পরিচয়পত্রের কপি;

(ঙ) মহাপরিচালক, কাস্টমস,এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি এর অনুকূলে পরীক্ষার ফি হিসেবে ১০ (দশ) হাজার টাকা মূল্যমানের পে অর্ডার; এবং

(চ) মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি-১৬ তে উল্লিখিত যোগ্যতা প্রমাণের স্বপক্ষে সংশ্লিষ্ট দলিলাদি।

৪। অসম্পূর্ণ কোন আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৫। মহাপরিচালক, কাস্টমস,এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি প্রতি বছর জানুয়ারি-জুন মেয়াদে প্রাপ্ত আবেদনের ভিত্তিতে আগস্ট বা সেপ্টেম্বর মাসে এবং জুলাই-ডিসেম্বর মেয়াদে প্রাপ্ত আবেদনের ভিত্তিতে ফেব্রুয়ারি বা মার্চ মাসে লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করবেন।